

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৪, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

মৎস্য-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১ ফেব্রুয়ারি ২০০৭/১৯ মাঘ ১৪১৩

এস, আর, ও নং ১৭-আইন/২০০৭।—Protection and Conservation of Fish Act, 1950 (E.B. Act No. XVIII of 1950) এর section 3 এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Protection and Conservation of Fish Rules, 1985 এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিতেছে, যথা :—

প্রস্তাবিত সংশোধনী

১। উপরি-উক্ত Rules এর Second Schedule এর টেবিলের কলাম I এর SL.No.2 এর বিপরীতে কলাম 4 এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে যথা :—

“Between January to December each year.”

২। উপরি-উক্ত সংশোধনীসমূহ উক্ত Act এর section 3 এর sub-section (5) এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এতদ্বারা প্রাক-প্রকাশ করা হইল।

৩। উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের ২ (দুই) মাসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উহা পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং সরকার তাহা বিবেচনা করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ইমরান

উপ-সচিব (মৎস্য-২)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৯৫১)

মূল্য : টাকা ২.০০